**RBI/2005-06/317**

**DNBS.PD. CC No. 64 /03.10.042/2005-06**

**মার্চ ৭,২০০৬**

সমস্ত ব্যাংক বহির্ভূত আর্থিক প্রতিষ্ঠানগুলি
বিবিধ ব্যাংক বহির্ভূত সংস্থাগুলি
এবং অন্যান্য ব্যাংক বহির্ভূত সংস্থাগুলি

মহাশয়,

**<u>"আপনার গ্রাহককে চিনুন" সংক্রান্ত নিয়মকানুন- হাওলা বিরুদ্ধ মানদণ্ড</u>**

অনুগ্রহ করে আমাদের উপরোক্ত বিষয়ের সম্পর্কে ২১ ফেব্রুয়ারি ২০০৫ তারিখের সার্কুলার .(PD). CC.48/10.42/2004-05 দেখুন। উপরোক্ত সার্কুলার অনুযায়ী এনবিএফসি দের নির্দ্দেশ দেওয়া হয়েছিল যে ডিপার্টমেন্ট অফ ব্যাংকিং অপারেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (ডিবিওডি) দ্বারা ব্যাঙ্ককে দেওয়া নির্দেশাবলীর অনুকরনে তারা একটি গ্রাহক গ্রহণ নিতী এবং গ্রাহক পরিচিতির প্রণালী নির্ধারণ করে যেটা কোন অ্যাকাউন্ট খোলার সময় প্রযোজ্য হবে । এনবিএফসি দের আরোও নির্দ্দেশ দেওয়া হয়েছিল গ্রাহকদের ঝুকির মাত্রা অনুসারে নিম্ন, মধ্যম এবং উচ্চ শ্রেণীতে শ্রেণীবদ্ধ করতে । "আপনার গ্রাহককে চিনুন" নির্দেশাবলী অনুযায়ী, এনবিএফসিদের আরোও উচিত গ্রাহকের পরিচিতি এবং ঠিকানা খতিয়ে দেখা, আমাদের ২১ ফেব্রুয়ারি ২০০৫ তারিখের সার্কুলারের সঙ্গে যুক্ত ডিবিওডি সার্কুলারের সংযোজনী ২ এ তালিকাভুক্ত নথিপত্রের মাধ্যমে।

২। যদিও উপরোক্ত সার্কুলারে পরিচিতি এবং ঠিকানাপ্রমাণের নথিপত্রের প্রয়োজনীয়তায় অনেক নমনীয়তার উল্লেখ করা আছে তবুও এমন কিছু ক্ষেত্র আছে বিষেশত শহর এবং গ্রামীণ অঞ্চলের নিম্নআয়ের শ্রেণীভুক্ত ব্যক্তিদের ক্ষেত্রে যারা এনবিএফসিকে সন্তুষ্ট করার মত উপযুক্ত পরিচিতি এবং ঠিকানা প্রমাণস্বরূপ কোন প্রমাণপত্র পেশ করতে অক্ষম হবেন। তাই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে এনবিএফসির কাছে অ্যাকাউন্ট খোলার জন্য কে ওয়াই সি (আপনার গ্রাহককে চিনুন) প্রণালী আরো সরল করা হবে সে সব ব্যক্তিদের ক্ষেত্রে যাদর সমগ্র অ্যাকাউন্টে রাখা একত্রিত পুজির পরিমাণ ৫০০০০ টাকার বেশি হবে না বা সমগ্র অ্যাকাউন্ট মিলিয়ে যাদের বার্ষিক ঋণ ১ লাখ টাকার উপরে যাওয়ার কোন সম্ভবনা নেই।

৩। এই অনুসারে যদি কোন ব্যক্তি যিনি অ্যাকাউন্ট খুলতে চান কিন্তু তিনি ২১ ফেব্রুয়ারি ২০০৫ তারিখের সার্কুলারের সঙ্গে যুক্ত ডিবিওডি সার্কুলারের সংযোজনী ২-এ উল্লেখিত নথিপত্র পেশ করতে অক্ষম হন তাহলে এনবিএফসি তার জন্য অ্যাকাউন্ট খুলতে পারবে উপরোক্ত অনুচ্ছেদ২ এ যা উল্লেখিত আছে তা অনুসারে এবং নিম্নলিখিত নির্দেশগুলি মেনে:

ক) পুরোদস্তুর কে ওয়াই সি প্রণালীর আধিনে অ্যাকাউন্টধারীর প্রস্তাবণার ভিত্তিতে। এনবিএফসির কাছে প্রস্তাবপ্রদানকারীর অ্যাকাউন্ট কমপক্ষে ৬ মাসের জন্য হতে হবে এবং তাতে লেনদেন সন্তোষজনকভাবে চলতে হবে।যে গ্রাহক অ্যাকাউন্ট খুলতে ইচ্ছুক, তার ছবি এবং ঠিকানা প্রস্তাবপ্রদানকারীর দ্বারা নিশ্চিতি করে নেওয়া প্রয়োজন।

অথবা

খ) গ্রাহকের পরিচিতি এবং ঠিকানার অন্য কোন প্রমাণ যা এনবিএফসিকে সন্তুষ্ট করতে পারবে।

৪। উপরোক্ত অনুসারে অ্যাকাউন্ট খোলার সময়ে গ্রাহককে জানানো দরকার যে যদি কোন সময়ে সমগ্র অ্যাকাউন্ট মিলিয়ে তার জমাপুজির পরিমাণ ৫০০০০ টাকার বেশি হয় বা সমগ্র অ্যাকাউন্ট মিলিয়ে যদি তার বার্ষিক ঋণ ১ লাখ টাকা ছাড়িয়ে যায় তবে তাকে আর লেনদেন করতে দেওয়া হবে না যতক্ষণ না তিনি সমস্ত কে ওয়াই সি প্রণালী সম্পূর্ণ করেন। যাতে গ্রাহকের অসুবিধা না হয়, এনবিএফসিরা তাদের গ্রাহককে সূচনা দেবে যখনই তার পুজি ৪০০০০ টাকায়

বা তার বার্ষিক ঋণ ৮০০০০ টাকায় পৌঁছবে যাতে কে ওয়াই সি কার্যে পরিণত করার জন্য উপযুক্ত নথিপত্র তিনি জমা দেন কারণ তা না করলে তার অ্যাকাউন্টের ক্রিয়াকর্ম বন্ধ করে দেওয়া হবে যখন তার সমস্ত অ্যাকাউন্টের একত্রিত পুঁজি ৫০০০০ টাকার বেশি হবে বা  সমগ্র অ্যাকাউন্টের একত্রিত বার্ষিক ঋণ ১ লাখ টাকার উপর যাবে।

৫। এনবিএফসিদের তাদের শাখাগুলিতে উপযুক্ত নির্দেশাবলী দেওয়ার নির্দ্দেশ দেওয়া হচ্ছে যাতে এটা কার্যকারী হয়।

ইতি ভবদীয়

স্বাক্ষর

(পি কৃষ্ণমূর্তি)
চীফ জেনারেল ম্যানেজার ইন চার্জ